# বিপ্লব কুমার-গোলাম রাব্বানীর ভাইসহ ৬ পুলিশ কর্মকর্তা বরখাস্ত



ছবি: সংগৃহীত

সরকার ছয় পুলিশ কর্মকর্তাকে চাকরি থেকে বরখাস্ত করেছে। তাদের মধ্যে আলোচিত পুলিশ কর্মকর্তা বিপ্লব কুমার সরকার এবং ঢাকা মহানগর পুলিশের সহকারী পুলিশ কমিশনার গোলাম রুহানী রয়েছেন। গোলাম রুহানী ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম রাব্বানীর ছোট ভাই।

বুধবার (১২ আগস্ট) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পৃথক প্রজ্ঞাপনে তাদের বরখাস্তের বিষয়টি জানানো হয়।

বরখাস্ত হওয়া অন্য কর্মকর্তারা হলেন সুদীপ কুমার চক্রবর্তী, মো. ইকবাল হোসাইন, রাজন কুমার দাশ এবং কাজী আশরাফুল আজীম। তাদের মধ্যে বিপ্লব কুমার সরকার ও সুদীপ কুমার চক্রবর্তী বরিশাল রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত যুগ্ম কমিশনার হিসেবে কর্মরত ছিলেন।

মো. ইকবাল হোসাইন খুলনা রেঞ্জ ডিআইজি কার্যালয়ের পুলিশ সুপার, রাজন কুমার দাশ কক্সবাজারের ৮ আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার এবং কাজী আশরাফুল আজীম চট্টগ্রাম রেঞ্জ ডিআইজি কার্যালয়ের উপপুলিশ কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

প্রজ্ঞাপনে সরকারি চাকরি আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট বিধান অনুযায়ী তাদের চাকরি থেকে বরখাস্ত করার কথা জানানো হয়েছে। তবে পৃথক প্রজ্ঞাপনগুলোতে বরখাস্তের নির্দিষ্ট কারণ উল্লেখ করা হয়েছে কি না, তা স্পষ্ট নয়।

LENS ASIA